=০১=

ঢাকা ওয়াসা

১। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের ফটোকপি।
২। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের সংশোধিত ক্রয় পরিকল্পনার ফটোকপি।
৩। খসড়া নক্সা।
৪। ক্যালকুলেশন।
৫। প্রাক্কলন।

বিষয়ঃ **"Construction of shed under SOC Division"** কাজের অনুমোদন প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং- ০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১৩২৮ টি পানির পাম্প রয়েছে। এই সকল পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। এস ও সি বিভাগের কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন যানবাহন নিয়মিতভাবে ব্যবহৃত হয়ে থাকে। বর্তমানে এসব যানবাহন খোলা স্থানে রাখা হয়, ফলে প্রতিকূল আবহাওয়া, বৃষ্টিপাত, তীব্র রোদ এবং অন্যান্য প্রাকৃতিক কারণে যানবাহনের ক্ষয়ক্ষতি বৃদ্ধি পাচ্ছে। এর ফলে যানবাহনের রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধি পাওয়ার পাশাপাশি কর্মক্ষমতা ও স্থায়িত্বও হ্রাস পাওয়ার আশঙ্কা রয়েছে। যানবাহন সমুহের নিরাপদ অবস্থান নিশ্চিত করার জন্য এস ও সি বিভাগ কম্পাউন্ডে একটি শেড নির্মাণ করা প্রয়োজন। সেই লক্ষ্যে শেড নির্মাণ কাজ সম্পাদনের নিমিত্তে PWD Rate Schedule 2022 এর ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রঃ নং- ০৫ দ্রঃ)। যাতে টাকার অংক এসেছে টাঃ ৪৯৭,৭৭০.৬১২/= (টাকা চার লক্ষ সাতানব্বই হাজার সাত শত সত্তর দশমিক ছয় এক দুই) মাত্র। উল্লেখ্য, যে আলোচ্য কাজটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এস. এম. ডব্লিউ সি সার্কেল) মহোদয় কর্তৃক পরিদর্শনান্তে চূড়ান্ত করা হবে।

০২। আলোচ্য কাজটি অএ বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয় "Office building maintenance (অফিস দালান রক্ষণাবেক্ষণ)" ০১-০৪-০০৭ খাত হতে নির্বাহ করা যেতে পারে (ক্রঃ নং-০১) এবং কাজটি এস ও সি বিভাগের ২০২৫-২০২৬ অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রঃনং- ৩৭, (Package No- WOBM-1) এ অন্তর্ভুক্ত রয়েছে। (ক্রঃ নং-০২)। আলোচ্য সরবরাহ কাজের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৩। এমতাবস্থায়, Construction of shed under SOC Division কাজটির জন্য উপস্থাপিত টাঃ ৪৯৭,৭৭০.৬১২/= (টাকা চার লক্ষ সাতানব্বই হাজার সাত শত সত্তর দশমিক ছয় এক দুই) মাত্র। প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 ধারা (৩২) এবং PPR-2025 এর বিধি ৮০(১) মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে অনুমোদনের জন্য সবিনয়ে উপস্থাপন করা হলো।

07/06/26
মোঃ সেলিম রেজা
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

07/06/2026
মুহাঃ মাহবুব আলম আল আজাদ
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

07.06.26
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

SE (SMWC)

CE / DMD (O&M)

০৪। অনুমোদিত।

07/06/26
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

07/06/26
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।

XEN (SOC)